

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৩৩(আগরতলা ২০।১)

তেলিয়ামুড়া, ২০ জানুয়ারি, ২০২৪

মুঙ্গিয়াকামী ব্লকে ৪৬তম ককবরক সাল উদযাপিত

মুঙ্গিয়াকামী ব্লকের বলরাম কোবরা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে গতকাল ৪৬তম ককবরক সাল উদযাপিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক অভিজিৎ চক্রবর্তী। অনুষ্ঠানে দুইজন প্রাক্তন শিক্ষক পদ্মমোহন দেববর্মা এবং সুরেন্দ্র দেববর্মাকে সম্মাননা জানানো হয়। অনুষ্ঠান উপলক্ষে বিদ্যালয়ের ৩০ জন ছাত্রছাত্রীকে তপশিলি জনজাতি শংসাপত্র দেওয়া হয়। এ উপলক্ষে বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ বর্ণাঢ্য র্যালি করার পাশাপাশি সাংস্কৃতিক অনুষ্ঠানও পরিবেশন করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুঙ্গিয়াকামী ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান সুনীল দেববর্মা, অতিরিক্ত ব্লক আধিকারিক স্টিফেন রিয়াং, মহকুমা কল্যাণ আধিকারিক সৌরভ দাস, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনোজ দেববর্মা প্রমুখ।
